সার্কুলার নং- বিজিএ/এমআইএস/২০২৫/ ৯৬৩                    তাং- ২৪ আগষ্ট ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ- বিজিএমইএ-তে ইউডি'র আবেদন দাখিলকালে রপ্তানিতব্য তৈরী পোশাক ও আমদানিকৃত কাঁচা মালের একক মূল্য (Unit Price) উল্লেখকরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,

বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক সক্ষমতা বজায় রাখা এবং বৈদেশিক ক্রেতাদের আস্থা অটুট রাখার স্বার্থে আমদানীকৃত কাঁচামাল (যেমন- ফ্যাব্রিক্স) এবং এর বিপরীতে উৎপাদিত রপ্তানিতব্য পোশাকের একক মূল্য (Unit Price) বিজিএমইএ-তে সঠিকভাবে উল্লেখ করা অত্যন্ত জরুরি।

লক্ষ্য করা যাচ্ছে যে, ইউডি (Utilization Declaration) এন্ট্রি করার সময় কাঁচামাল এবং রপ্তানী পণ্যের Unit Price না থাকার ফলে আন্তর্জাতিক ক্রেতা ও নিয়ন্ত্রক বিশেষ করে জাতীয় রাজস্ববোর্ড কর্তৃপক্ষের কাছে আমাদের পণ্যের স্বচ্ছতা ও সঠিক মূল্যায়ন নিয়ে প্রশ্ন উঠেছে। এই প্রেক্ষিতে, আগামী ১লা সেপ্টেম্বর ২০২৫ ইং তারিখ থেকে **BGMEA UD Software**-এ ইউডি আবেদন করার সময় নির্দিষ্ট ফিল্ডের মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল ও রপ্তানী পণ্যের একক মূল্য **(Unit Price)** যথাযথভাবে উল্লেখ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে আমাদের শিল্পখাতের সুষ্ঠ পরিচালনা ও আন্তর্জাতিক মান বজায় থাকবে, এবং বৈশ্বিক বাজারে বাংলাদেশের পোশাক শিল্প আরও সুদৃঢ় অবস্থান তৈরি করতে সক্ষম হবে।

এমতাবস্থায়, আগামী ১লা সেপ্টেম্বর ২০২৫ ইং তারিখ হতে যথাযথভাবে Unit Price উল্লেখ্য করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

26/8/25

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব